অলিম্পিক ইন্ডাস্ট্রিজ মামলার সাক্ষ্যগ্রহণ শুরু

প্রতারণার মাধ্যমে সাধারণ বিনিয়োগকারীদের টাকা হাতিয়ে নেয়ার অভিযোগে দায়ের করা অলিম্পিক ইন্ডাস্ট্রিজের শেয়ার কেলেঙ্কারি মামলার সাক্ষ্যগ্রহণ শুরু হয়েছে। গতকাল মামলার বাদী ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সাবেক নির্বাহী পরিচালক এমএ রশীদ খান পুঁজিবাজার-বিষয়ক বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মো. আকবর আলী শেখের আদালতে সাক্ষ্য প্রদান করেছেন। মামলার আসামি আজিজ মোহাম্মদ ভাই পলাতক থাকায় তার অনুপস্থিতিতেই এ মামলার বিচারকাজ চলছে। বিএসইসির আইনজীবী মাসুদ রানা খান বণিক বার্তাকে জানান, মামলার বাদী ও বিএসইসির সাবেক নির্বাহী পরিচালক এমএ রশিদ খান গতকাল আদালতে সাক্ষ্য দিয়েছেন। তবে সাক্ষ্যগ্রহণ শেষ না হওয়ায় ২৩ সেপ্টেম্বর পরবর্তী তারিখ নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে আদালত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক আমিরুল ইসলাম চৌধুরী ও বিএসইসির সাবেক চেয়ারম্যান মনির উদ্দিন আহমদের সাক্ষ্য মান্য করেছেন। তাদের এ মামলায় সাক্ষ্য প্রদানের জন্য আদালতে উপস্থিত হতে সমন জারি করা হবে।http://bonikbarta.net

২৫% নগদ লভ্যাংশ দেবে ইস্টার্ন হাউজিং

৩০ জুন সমাপ্ত ২০১৮ হিসাব বছরের জন্য ২৫ শতাংশ নগদ লভ্যাংশ সুপারিশ করেছে ইস্টার্ন হাউজিং লিমিটেডের পরিচালনা পর্ষদ। গতকাল স্টক এক্সচেঞ্জ সূত্রে আরো জানা গেছে, গেল হিসাব বছরে সেবা ও আবাসন খাতের এ কোম্পানির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ৩ টাকা ৪৮ পয়সা, আগের বছর যা ছিল ২ টাকা ৩৩ পয়সা। ৩০ জুন কোম্পানির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য দাঁড়িয়েছে ৬০ টাকা ১৫ পয়সা। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, লভ্যাংশ ও অন্যান্য এজেন্ডা অনুমোদনের জন্য ৮ নভেম্বর সকাল সাড়ে ১০টায় রাজধানীর রাওয়া কনভেনশন হলে বার্ষিক সাধারণ সভা (এজিএম) আহ্বান করেছে ইস্টার্ন হাউজিং। রেকর্ড ডেট ১১ অক্টোবর। এর আগে ২০১৭ সালের ৩০ জুন সমাপ্ত হিসাব বছরের জন্য শেয়ারহোল্ডারদের ২২ শতাংশ নগদ লভ্যাংশ দিয়েছে ইস্টার্ন হাউজিং। ২০১৬ সালের ৩০ জুন সমাপ্ত হিসাব বছরের জন্য ১৫ শতাংশ নগদ ও ৫ শতাংশ স্টক লভ্যাংশ দিয়েছিল কোম্পানিটি। জুন ক্লোজিংয়ের বাধ্যবাধকতায় সে বার ১১ মাসে হিসাব বছর গণনা করেছে ইস্টার্ন হাউজিং।http://bonikbarta.net

আট মাসে কনটেইনার পরিবহন বেড়েছে ১০%

আট মাসের ব্যবধানে চট্টগ্রাম বন্দর দিয়ে কনটেইনার পরিবহন বেড়েছে ৯ দশমিক ৫৯ শতাংশ। পোশাক রফতানির পাশাপাশি দেশে চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের যন্ত্রপাতি ও সরঞ্জাম আমদানির কারণে প্রবৃদ্ধি হয়েছে। দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে চট্টগ্রাম বন্দরে কনটেইনার পরিবহনে প্রবৃদ্ধি ওতপ্রোতভাবে জড়িত। বন্দরের হিসাব অনুযায়ী, আগস্ট পর্যন্ত চলতি বছরের প্রথম আট মাসে চট্টগ্রাম বন্দর দিয়ে আমদানি-রফতানি পণ্যবাহী ও খালি কনটেইনার পরিবহন হয়েছে ১৮ লাখ ১৮ হাজার ৪৯৪ টিইইউ। গত বছরের একই সময়ে পরিবহন হয়েছিল ১৬ লাখ ৯৫ হাজার ৬৮৪ টিইইউ কনটেইনার।http://bonikbarta.net

ইওরপাওয়ার ব্র্যান্ডের জেনারেটর আনল এসিআই মোটরস

ব্রিটিশ কোম্পানি ইওরপাওয়ার লিমিটেডের তৈরি জেনারেটর বাংলাদেশের বাজারে বিপণন ও সরবরাহ করবে এসিআই মোটরস। এ বিষয়ে সোমবার উভয় কোম্পানির মধ্যে একটি চুক্তি স্বাক্ষর হয়েছে। ইওরপাওয়ারের ইন্টারন্যাশনাল সেলস ডিরেক্টর বেন হুইটমার্শ এবং এসিআই মোটরসের এমডি ও সিইও ড. ফা হ আনসারী নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। এসিআই মোটরসের এক্সিকিউটিভ ডিরেক্টর সুব্রত রঞ্জন দাসসহ অন্যান্য কর্মকর্তা এ সময় উপস্থিত ছিলেন। চুক্তি অনুযায়ী, ইওরপাওয়ারের ৫ কেভিএ থেকে ২ হাজার ৫০০ কেভিএ রেঞ্জের জেনারেটর বাজারজাত করবে এসিআই মোটরস। এ ব্র্যান্ডের জেনারেটরে রয়েছে জেনুইন পারকিনস ইঞ্জিন, লেরয় সমার অলটারনেটর, স্টার্ট অন ডিমান্ড, রিমোট মনিটরিং সুবিধা ও লো নয়েজ লেভেল।http://bonikbarta.net

মন্দঋণ কমাতে তিনটি রাষ্ট্রায়ত্ত ব্যাংক একীভূত করছে ভারত

মন্দঋণের ভারে জর্জরিত হয়ে পড়েছে ভারতের ব্যাংকিং ব্যবস্থা। ব্যাংকিং খাতের বিপুল পরিমাণ মন্দঋণ দূর করার চলমান প্রচেষ্টা হিসেবে তিনটি রাষ্ট্রায়ত্ত ব্যাংককে একীভূত করতে যাচ্ছে দেশটির সরকার। সোমবার অর্থমন্ত্রী অরুণ জেটলি এ একীভবনের ঘোষণা দেন। খবর নিক্কেই এশিয়ান রিভিউ, সিনহুয়া ও বিজনেস স্ট্যান্ডার্ড। এক সরকারি বিবৃতি অনুসারে, এক বছর আগে গঠিত একটি প্যানেলের সুপারিশ অনুযায়ী ভারতের তিনটি সরকারি আর্থিক প্রতিষ্ঠান— মুম্বাইভিত্তিক দেনা ব্যাংক, বেঙ্গালুরুভিত্তিক বিজয়া ব্যাংককে তুলনামূলক বৃহৎ প্রতিষ্ঠান ব্যাংক অব বরোদার (বিওবি) সঙ্গে একীভূত করা হবে। এ একীভবনের মধ্য দিয়ে ভারতের তৃতীয় বৃহৎ আর্থিক প্রতিষ্ঠান গঠিত হবে বলে ইন্ডিয়ান ফিন্যান্সিয়াল সার্ভিসেসের সচিব রাজীব কুমার সংবাদমাধ্যমকে জানান।http://bonikbarta.net

চীনা পণ্যে যুক্তরাষ্ট্রের নতুন শুল্কারোপ

চীনের আরো ২০ হাজার কোটি ডলার মূল্যমানের পণ্যে ১০ শতাংশ শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্র। চীন এর বিরুদ্ধে কোনো পাল্টা পদক্ষেপ গ্রহণ করলে আরো শুল্কারোপের হুমকি দিয়ে রেখেছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাত্ক্ষণিক প্রতিক্রিয়ায় চীনের পক্ষ থেকে বলা হয়েছে, এ পদক্ষেপের মাধ্যমে আলোচনার পরিবেশ ‘বিষাক্ত’ করে তুলেছে যুক্তরাষ্ট্র। খবর রয়টার্স। যুক্তরাষ্ট্রের ঘোষণা অনুযায়ী চীন থেকে আমদানি করা ২০ হাজার কোটি ডলার পণ্যে ১০ শতাংশ শুল্কারোপ করা হবে। এক বিবৃতিতে শুল্কারোপের ঘোষণা দিয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চীনকে সতর্ক করে বলেন, পাল্টা পদক্ষেপ হিসেবে চীন যদি যুক্তরাষ্ট্রের কৃষক অথবা শিল্প খাতের বিরুদ্ধে কোনো পদক্ষেপ গ্রহণ করে, তাহলে ‘আমরা আরো ২৬ হাজার ৭০০ কোটি ডলার মূল্যমানের পণ্যে শুল্ক আরোপ করব।’ http://bonikbarta.net

ডিসেম্বরে দীর্ঘমেয়াদি সহায়তা চুক্তির প্রত্যাশা ওপেকের

আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের চাহিদা ও সরবরাহে ভারসাম্য বজায় রাখতে কাজ করে যাচ্ছে জ্বালানি পণ্যটির রফতানিকারকদের জোট অর্গানাইজেশন অব দ্য পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজ (ওপেক)। এ লক্ষ্যে জ্বালানি তেলের বৈশ্বিক উত্তোলন হ্রাস চুক্তি বাস্তবায়ন করছে প্রতিষ্ঠানটি। রাশিয়াসহ জ্বালানি তেল উত্তোলনকারী ওপেকবহির্ভূত দেশগুলোও জোটের সঙ্গে চুক্তির শর্ত বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। তবে এসব উদ্যোগই স্বল্পমেয়াদি। জ্বালানি পণ্যটির বাজার ভারসাম্য ফেরাতে সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে দীর্ঘমেয়াদি উদ্যোগ নেয়ার আগ্রহের কথা আগেই জানিয়েছে ওপেক।http://bonikbarta.net